

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ  
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৪  
শেরে বাংলা নগর, ঢাকা  
[www.imed.gov.bd](http://www.imed.gov.bd)

**নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার জন্য নির্বাচিত প্রকল্পের বিবরণী ও পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি (ToR):**

**ক. প্রকল্পের বিবরণীঃ**

১.	প্রকল্পের নাম	গড়াই নদী ড্রেজিং ও তীর সংরক্ষণ প্রকল্প (১ম সংশোধিত)		
২.	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ	পানি সম্পদ মন্ত্রণালয়		
৩.	বাস্তবায়নকারী সংস্থা	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড		
৪.	প্রকল্পের অবস্থান	বিভাগ	জেলা	উপজেলা
		খুলনা ও ঢাকা	কুষ্টিয়া	কুষ্টিয়া সদর, কুমারকালী ও খোকসা।
			মাগুরা	শ্রীপুর, মাগুরা সদর।
			রাজবাড়ী	পাংশা, বলিয়াকান্দী।
			ফরিদপুর	মধুখালী।

**৫. অনুমোদিত বাস্তবায়নকাল ও ব্যয় (লক্ষ টাকা) :**

বিষয়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয়				বাস্তবায়ন কাল	অনুমোদনের তারিখ	*পরিবর্তন(+/-)	
	মোট	জিওবি	প্র:সা:	অন্যান্য			ব্যয় (%)	মেয়াদ(%)
মূল	৫৯১৫৮.০৮	৫৯১৫৮.০৮	-	-	১ অক্টোবর, ২০১৮ থেকে ৩০ জুন, ২০২২ পর্যন্ত	২৩/১০/২০১৮ খ্রি.	-	-
সংশোধিত (১ম)	৬২৯৪৩.৩১	৬২৯৪৩.৩১	-	-	১ অক্টোবর, ২০১৮ থেকে ৩০ জুন, ২০২২ পর্যন্ত	২০/০৮/২০২০ খ্রি.	৩৭৮৫.২৩ (৬.৪০%)	-

**৬. প্রকল্পের উদ্দেশ্যঃ**

- শুল্ক মৌসুমে গড়াই নদীতে পানি প্রবাহ বৃদ্ধির মাধ্যমে নদী এবং নদীর তীরবর্তী এলাকার জীব বৈচিত্র এবং পরিবেশগত ভারসাম্য রক্ষা করা। এ লক্ষ্যে গড়াই অফটেকে গঙ্গা নদীর মোট প্রবাহের ৮% থেকে ১০% পানি গড়াই নদীতে প্রবাহিত করা;
- খুলনা পয়েন্টে ভূ-পরিষ্ক পানির লবনাক্ততা ৫ (পাঁচ) পিপিটিতে কমিয়ে আনা;
- সুন্দরবন এলাকায় জীব বৈচিত্র ও পরিবেশগত ভারসাম্য রক্ষার্থে লবনাক্ততা পরিমাণ ২০ (বিশ) পিপিটিতে কমিয়ে আনা;
- সংরক্ষিত সুন্দরবন প্রাকৃতিক সম্পদ রক্ষণাবেক্ষণ;
- শুল্ক মৌসুমে গড়াই নির্ভর এলাকায় নদী নালায় পানি প্রবাহ বৃদ্ধি করে মাছের আবাদ/উৎপাদন বৃদ্ধি করা;
- ভূ-পরিষ্ক ও ভূ-গর্ভস্থ পানির লবনাক্ততার মাত্রা হ্রাস করা;
- কৃষি কাজে ভূ-পরিষ্ক পানির ব্যবহার করে কৃষি উৎপাদন বৃদ্ধি করা;
- গৃহস্থলীতে ব্যবহৃত মিঠা পানি সরবরাহ বৃদ্ধি করা;
- নৌ-চলাচল বৃদ্ধি করা।

*(Handwritten signature)*

৭. প্রকল্পের প্রধান প্রধান অংশঃ

প্রকল্পের আওতায় মূল কার্যক্রম	পরিমান/সংখ্যা
◆ গড়াই নদী ডেজিং (আউট সোর্সিং এর মাধ্যমে নিয়োজিত ড্রেজার দ্বারা)	১৯৭.৬৬ লক্ষ ঘ. মি:
◆ গড়াই নদী ডেজিং (বাপাউবো এর নিজস্ব ড্রেজার)	১৩১.৭৭ লক্ষ ঘ. মি:
◆ ডেজড ম্যাটেরিয়াল সংরক্ষণের জন্য প্রতিরক্ষা কাজ এবং আউটলেট নির্মাণ	২০ কি: মি:
◆ নদী তীর সংরক্ষণ কাজ	৭.০০ কি: মি:
◆ নদী তীর সংরক্ষণ কাজ পুনর্বাসন	১.১৪ কি: মি:
◆ গ্রোয়েন মেরামত (মঞ্জলবাড়ীয়া)	১টি
◆ গড়াই নদীর অফটেক ম্যানেজমেন্ট এর জন্য মরফোলজিক্যাল স্টাডি, ম্যাথমেটিক্যাল মডেলিং এবং ফিজিক্যাল মডেলিং, বেথিমেন্ট্রিক ও ল্যান্ড সার্ভে	-

খ. পরামর্শকের কার্যপরিধি (TOR):

৮.০ পরামর্শকের দায়িত্বঃ

- (১) প্রকল্পের বিবরণ (পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধনের অবস্থা, অর্থায়নের বিষয় ইত্যাদি সকল প্রয়োজ্য তথ্য) পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- (২) প্রকল্পের অর্থবহরভিত্তিক কর্ম পরিকল্পনা, অর্থবহরভিত্তিক বরাদ্দ, ছাড় ও ব্যয় ও বিস্তারিত অঙ্কভিত্তিক বাস্তবায়ন (বাস্তব ও আর্থিক) অগ্রগতির তথ্য সংগ্রহ, সন্নিবেশন, বিশ্লেষণ, সারণি/ লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;
- (৩) প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যালোচনা ও প্রকল্পের উদ্দেশ্য ও লগ ফ্রেমের আলোকে output পর্যায়ের অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- (৪) প্রকল্পের আওতায় সম্পাদিত/চলমান বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত সংগ্রহ আইন ও বিধিমালা (পিপিএ, পিপিআর, উন্নয়ন সহযোগী গাইডলাইন ইত্যাদি) এবং প্রকল্প দলিল উল্লিখিত ক্রয় পরিকল্পনা প্রতিপালন করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে তুলনামূলক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- (৫) প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগৃহীতব্য পণ্য, কার্য ও সেবা পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ (টেকসই পরিকল্পনা) আনুষঙ্গিক বিষয় পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- (৬) প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগ্রহের প্রক্রিয়াধীন বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/BOQ/TOR, গুণগত মান, পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- (৭) প্রকল্পের ঝুঁকি অর্থাৎ বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা যেমন অর্থায়নে বিলম্ব, বাস্তবায়নে পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, ব্যবস্থাপনায় অদক্ষতা ও প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদির কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- (৮) প্রকল্প অনুমোদন সংশোধন (প্রয়োজ্য ক্ষেত্রে) অর্থ বরাদ্দ, অর্থ ছাড়, বিল পরিশোধ ইত্যাদি বিষয়ে তথ্য-উপাত্তের পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- (৯) উন্নয়ন সহযোগী সংস্থা (যদি থাকে) কর্তৃক চুক্তি স্বাক্ষর, চুক্তির শর্ত, ক্রয় প্রস্তাব প্রক্রিয়াকরণ ও অনুমোদন, অর্থ ছাড়, বিল পরিশোধে সম্মতি ও বিভিন্ন মিশন এর সুপারিশ ইত্যাদির তথ্য-উপাত্তভিত্তিক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- (১০) প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসই (sustainable) করার লক্ষ্যে মতামত প্রদান;
- (১১) প্রকল্পের উদ্দেশ্য, লক্ষ্য, প্রকল্পের কার্যক্রম, বাস্তবায়ন পরিকল্পনা, প্রকল্প ব্যবস্থাপনা, ঝুঁকি, মেয়াদ, ব্যয়, অর্জন ইত্যাদি বিষয় বিবেচনা করে একটি SWOT ANALYSIS;
- (১২) প্রকল্প সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনা ও মাঠ পর্যায় হতে প্রাপ্ত তথ্যের বিশ্লেষণের আলোকে সার্বিক পর্যালোচনা, পর্যবেক্ষণ, ও প্রয়োজনীয় সুপারিশসহ একটি প্রতিবেদন প্রণয়ন করবে ও জাতীয় কর্মশালায় প্রতিবেদনটি উপস্থাপন করবে। জাতীয় কর্মশালায় পাণ্ডিত্যপূর্ণ সমালোচনা করে চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন করবে।



- (১৩) প্রকল্প ব্যবস্থাপনাঃ প্রকল্প পরিচালক নিয়োগ, জনবল নিয়োগ, প্রকল্প ব্যবস্থাপনা কমিটির সভা, প্রকল্প স্টিয়ারিং কমিটির সভা আয়োজন, কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, সভার ও প্রতিবেদনের সিদ্ধান্ত বাস্তবায়ন, অগ্রগতির তথ্য প্রেরণ ইত্যাদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- (১৪) কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অন্যান্য বিষয়াবলী।

৯. পরামর্শক প্রতিষ্ঠান ও পরামর্শকের প্রকৃতি ও যোগ্যতাঃ

ক্রমিক	পরামর্শক প্রতিষ্ঠান ও পরামর্শক প্রতিষ্ঠানের পরামর্শক	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১)	পরামর্শক প্রতিষ্ঠান		<ul style="list-style-type: none"> <li>গবেষণা এবং প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত সমীক্ষা পরিচালনায় ন্যূনতম ০৩(তিন) বছরের অভিজ্ঞতা।</li> </ul>
২)	ক) টিম লিডার-	স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সিভিল/পানি সম্পদ ইঞ্জিনিয়ারিং -এ স্নাতক ডিগ্রী। এছাড়া সংশ্লিষ্ট বিষয়ে মাস্টার্স/উচ্চতর ডিগ্রী থাকলে অগ্রাধিকার প্রদান করা হবে।	<ul style="list-style-type: none"> <li>পানি সম্পদ সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা;</li> <li>টিম লিডার হিসেবে কাজের অভিজ্ঞতা;</li> <li>পানি সম্পদের ষ্ট্রাকচারাল ডিজাইন বিষয়ক কারিগরি জ্ঞান;</li> <li>প্রকিউরমেন্ট (পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮) সংক্রান্ত কাজের অভিজ্ঞতা;</li> <li>কম্পিউটার বিষয়ে ব্যবহারিক জ্ঞান এবং</li> <li>প্রতিবেদন উপস্থাপনায় পারদর্শিতা।</li> </ul>
	খ) মিড-লেভেল ইঞ্জিনিয়ার	স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম সিভিল/পানি সম্পদ ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক ডিগ্রি	<ul style="list-style-type: none"> <li>পানি সম্পদ সংশ্লিষ্ট কাজে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসহ অফটেক সিল্ট ম্যানেজমেন্ট সম্পর্কে কারিগরি জ্ঞান।</li> </ul>
	গ) আর্থ-সামাজিক বিশেষজ্ঞ	স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সমাজবিজ্ঞান/ অর্থনীতি/ডেভলপমেন্ট স্টাডিজ/ সমাজকল্যাণ/ সমাজকর্ম বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রিধারী	<ul style="list-style-type: none"> <li>আর্থ-সামাজিক গবেষণা/ প্রভাব মূল্যায়ন/ নিবিড় পরিবীক্ষণ সংশ্লিষ্ট কাজে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা।</li> </ul>
	ঘ) পরিসংখ্যানবিদ	স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে পরিসংখ্যান/ ফলিত পরিসংখ্যান বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি	<ul style="list-style-type: none"> <li>তথ্য সংগ্রহ, ব্যবস্থাপনা ও বিশ্লেষণে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা;</li> <li>প্রতিবেদন প্রণয়ন ও উপস্থাপনায় পারদর্শিতা; এবং</li> <li>কম্পিউটার বিষয়ে ব্যবহারিক জ্ঞান।</li> </ul>

Watan

১০. নিম্নোলিখিত প্রতিবেদনসমূহ দাখিল করতে হবেঃ

ক্র নং	প্রতিবেদনের নাম	দাখিলের সময়
১.	ইনসেশন রিপোর্ট	চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে
২.	১ম খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ৭৫ দিনের মধ্যে
৩.	২য় খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ৯০ দিনের মধ্যে
৪.	চূড়ান্ত প্রতিবেদন (বাংলায় ৪০ কপি ও ইংরেজিতে ২০ কপি)	চুক্তি সম্পাদনের ১২০ দিনের মধ্যে

১১. ক্লায়েন্ট কর্তৃক প্রদেয়:

- প্রকল্প দলিল ও প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন (যেমন: আইএমইডি-০৫ প্রতিবেদন);
- বিভিন্ন স্টেকহোল্ডারের সাথে যোগাযোগের জন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।

  
Upama Akter  
Deputy Director  
IMED, Ministry of Planning  
Govt. of the People's Republic of Bangladesh